# দূষণ হঠাও

ড. হরপ্রসাদ সেনশর্মা

পথে ঘাটে সর্বত্র,
একটা কথাই 'পলিউশন',
কিন্তু তাকে রোধ করবার
দেখছি না তো 'সলিউশন'।
শব্দদূষণ, বায়ু দূষণ,
দূষণ জলে স্থলে,
সভ্যতাকে গ্রাস করেছে
দূষণ তলে তলে।
কেউ-বা বলে শব্দ কমাও,
কেউ-বা বলে ধোঁয়া,
মায়ের কোলে ছোট্ট শিশু
চেঁচিয়ে ওঠে 'ওঁয়া'।
ব্যস্ত হয়ে সবাইকে
করতে কিছু হবে,
কিন্তু কিছু হচ্ছে না কো
বাড়ছে দূষণ সবে।
অমায়িকের মতোই যেন

বাজছে মাইক ভাই,
গাড়ির ধোঁয়ায় দূষণ বেশি
কারো খেয়াল নাই।
সদ্য তরুণ মুখের কাছে,
ছাড়ল ধোঁয়া যেই,
দূষণ প্রতিরোধের ছবি
উঠল ফুটে সেই।
আবর্জনা গাড়ির ধোঁয়া,
দূষণ জলে স্থলে,
সমাধানের উপায় মানুষ
খুঁজছে তলে তলে।

## জেনে রাখো

| | | |
|---|---|---|
| পলিউশন | — | দূষণ |
| সলিউশন | — | সমাধান |
| অমায়িক | — | যার কোন অহঙ্কার নেই (এখানে ব্যাঙ্গার্থে ব্যবহার করা হয়েছে; মাইকের অভাবে যারা অত্যন্ত উঁচু গলায় কথা বলে।) |
| প্রতিরোধ | — | বাধা দেওয়া |

## কবি পরিচয়

*[ পশ্চিমবঙ্গের উত্তর চব্বিশ পরগণার অন্তর্গত গরিফায় কবি জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা ছিলেন রামদাস সেনশর্মা সরস্বতী এবং মাতা জ্যোৎস্নারাণী দেবী।*

*হরপ্রসাদ সেনশর্মা সাহিত্য - অনুরাগী মানুষ। তিনি পেশায় শিক্ষক কিন্তু নেশা তাঁর সাহিত্য-সাধনা। কবিতা, গল্প, প্রবন্ধ ভ্রমণ কাহিনী ইত্যাদি লিখেছেন।]*

## কাব্য পরিচয়

স্থলে জলে শব্দে প্রায় সর্বত্রই দূষণের ছোঁয়া। বায়ু - দূষণে মানুষ আজ আতঙ্কিত। দূষণ যে হারে বেড়ে চলেছে, তা এখনই প্রতিরোধ করা দরকার। শিক্ষিত, সুস্থ মনের অধিকারী মানুষকে যে করেই হোক আজ সমাধান খুঁজে বার করতে হবে। অন্যথা, মানুষের জীবনে ভয়াবহ পরিণতি অবশ্যম্ভাবী।

## পাঠবোধ

### সঠিক উত্তর দিয়ে খালি জায়গাগুলো ভরো

1. শব্দ দূষণ ........................................................................................ দূষণ জলে স্থলে।
   (ক) খাদ্য দূষণ (খ) ধোঁয়া দূষণ
   (গ) বায়ু দূষণ (ঘ) জল দূষণ
2. ........................................................................ গ্রাস করেছে দূষণ তলে তলে।
   (ক) সভ্যতাকে (খ) শিক্ষাকে
   (গ) সংস্কৃতিকে (ঘ) সচেতনতাকে
3. মায়ের কোলে ছোট্ট ........................................................................ চেঁচিয়ে ওঠে 'ওঁয়া'।
   (ক) বালক (খ) বালিকা
   (গ) শিশু (ঘ) তরুণ
4. ........................................................................ ধোঁয়ায় দূষণ বেশি কারো খেয়াল নাই।
   (ক) বাসের (খ) গাড়ির
   (গ) ট্যাক্সির (ঘ) রিক্সার
5. দূষণ ........................................................................................ ছবি উঠল ফুটে সেই।
   (ক) প্রতিরোধের (খ) প্রতিকারের
   (গ) সমাধানের (ঘ) বাধা দেবার

## অতি সংক্ষেপে লেখো

6. পথে ঘাটে সর্বত্র কোন্ কথাটা শোনা যায় ?
7. ব্যস্ত হয়ে সবাই কী বলে ?
8. দূষণ তলে তলে কাকে গ্রাস করেছে ?
9. অমায়িকের মতো কী বাজছে ?
10. কিসের ধোঁয়ায় দূষণ বেশি ?

## সংক্ষেপে লেখো

11. জলে স্থলে সর্বত্রই কিসের দূষণ অনুভব করা যায় ?
12. সদ্য - তরুণ কোথায় ধোঁয়া ছেড়েছিল ?
13. মানুষ তলে তলে কী খুঁজছে ?

## বিস্তারিতভাবে লেখো

14. 'পলিউশন' বলতে কবি কী বুঝিয়েছেন ? বিস্তারিত ভাবে লেখো ।
15. দূষণের প্রতিরোধ কেমন ভাবে করা যায় ?
16. কী কী কারণে সাধারণত দূষণ হয়ে থাকে ?

## ব্যাকরণ ও নির্মিতি

**1. নিচের শব্দগুলির সাহায্যে বাক্য বানাও**

| | |
|---|---|
| দূষণ | সমাধান |
| সভ্যতা | প্রতিরোধ |
| তরুণ | অমায়িক |

**2. ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখো**

বায়ু দূষণ

অমায়িক

শব্দ দূষণ

3. পদ পরিবর্তন করো

রোধ

দূষণ

প্রতিরোধ

4. নিচে দেওয়া প্রবাদ-কথাগুলির অর্থ সহ বাক্য বানাও

অর্ধচন্দ্র

ডুমুরের ফুল

ঈদের চাঁদ

কূপমণ্ডুক

গোবর গনেশ

উত্তম-মধ্যম

5. পাঠ্য কবিতাটি থেকে দুটি করে তৎসম এবং তদ্ভব শব্দ বেছে নিয়ে লেখো ।

## আলোচনা করো

প্রকৃতিতে দূষণ চলছে নিত্যই । সেই দূষণের কারণ নিয়ে আলোচনা করো নিজেদের মধ্যে । দূষণ কি করে দূর করা যায়, এ ব্যাপারে বিশেষ ভাবে সচেতন হও ।

## করতে পারো

দূষণ সম্পর্কে নানারকম তথ্য সংগ্রহ করে ক্যুইজ, বিতর্ক ইত্যাদির ব্যবস্থা করতে পারো ।